

## দানিয়েলের মত আমরা ঈশ্বরের সঙ্গে কথা বলি

যারা শিশুদের শিক্ষা দেন তারা অবশ্যই অধ্যায় P6b পাঠ করবে।

প্রার্থনা : “স্বর্গীয় পিতা, আমাদের যা কিছু প্রয়োজন আছে সেই বিষয়ে তোমার কাছে যাজ্ঞা করতে এবং তোমার সঙ্গে কথা বলতে তোমার লোকদের পরিচালনা করার জন্য আমাকে জ্ঞান এবং বিশ্বস্ততা দাও।”

১. বিশ্বাসের সঙ্গে প্রার্থনা করার জন্য আপনার দলকে পরিচালিত করার বিষয় আপনার হৃদয়কে প্রস্তুত করুন।

নিম্নলিখিত বিশ্বাসীগণ কিভাবে ঈশ্বরের কাছে প্রার্থনা করেছিলেন সেই বিষয়গুলো বাইবেল থেকে খুঁজে দেখুন এবং কিছু ভিন্ন বিষয় লিখুন :

শলোমন, ২ বংশাবলি ৬ঃ১২-১৭

যাবেষ ১, বংশাবলি ৪ঃ৯ এবং ১০।

হান্না ১ শমুয়েল ১ঃ৯-১৩।

দায়ুদ ২ শমুয়েল ৭ঃ১৮-২২।

দানিয়েল, দানিয়েল ৯ঃ৩-১৯।

খ্রীষ্টিয়ান, গণপ্রেরিত ৪ঃ২৪-৩০।



দানিয়েল

টীকা : আমরা দাঁড়িয়ে, বসে, হাঁটুপেতে বা শয়ন করে সশব্দে অথবা নীরবে প্রার্থনা করতে পারি।

কিভাবে আমরা প্রার্থনা করব এই বিষয়ে ঈশ্বরের ইচ্ছা বাইবেল থেকে খুঁজে দেখুন :

- গোপনভাবে, মথি ৬ঃ৫-৮ পদ। টীকা : খ্রীষ্টনদের সর্বদা এমনভাবে প্রার্থনা করতে হবে যাতে তা ঈশ্বর কর্তৃক দৃষ্ট অথবা শ্রুত হয়, অন্য লোকদের দ্বারা তা যেন কখন দৃষ্ট বা শ্রুত না হয়।
- অন্যদের ক্ষমার মাধ্যমে, মথি ৬ঃ৯-১৫ পদ। টীকা : খ্রীষ্টিয়ানগণ অসংখ্য ভুল করেন এবং পাপ করেন, সুতরাং ঈশ্বর কর্তৃক ক্ষমা প্রাপ্ত হওয়ার জন্য তাদের প্রার্থনা করা প্রয়োজন। কিন্তু যারা আমাদের অসুস্থ করেছেন, আমরা যখন তাদের ক্ষমা করি, কেবলমাত্র তখনই ঈশ্বর আমাদের ক্ষমা করেন।
- অনুতাপের সঙ্গে, লুক ১৮ঃ১০-১৪ পদ। টীকা : ঈশ্বরের তাদের প্রার্থনার উত্তরদানের জন্য কোন ব্যক্তিই যথেষ্ট উত্তম হতে পারে না। সুতরাং, আমরা যখনই প্রার্থনা করব, আমরা অবশ্যই আমাদের দোষগুলো স্বীকার করব এবং কখন আমরা বড়াই করব না যে আমরা কত ভাল।
- বশীভূত স্ত্রীগণের এবং শাস্ত স্বামীদের ন্যায়, ১ পিতর ৩ঃ১-৯ পদ। আমরা আমাদের সঙ্গীনের সঙ্গে যেরকম ব্যবহার করব, আমাদের স্বর্গীয় পিতাও আমাদের সঙ্গে তদ্রূপ ব্যবহার করবেন।
- ধন্যবাদ সহকারে, ১ থিষলোনীকীয় ৫ঃ১৬-১৮ পদ। টীকা : ঈশ্বর সর্বদা মঙ্গলময় এবং তিনি সর্বদা আন্তরিক প্রার্থনার এমনভাবে উত্তর দেন যা আমাদের পক্ষে মঙ্গল জনক হয়।



বাইবেল খুঁজে দেখুন, খ্রীষ্টিয়ানদের প্রার্থনা কিভাবে অন্য ধর্মের প্রার্থনা অপেক্ষা ভিন্ন প্রকৃতির :

- যীশুর নাম ব্যবহারের মাধ্যমে, যোহন ১৫ঃ১৬, ১৬ঃ২৪ পদ।
- পবিত্র আত্মার দ্বারা, যিহূদা ২০ এবং ২১
- ঈশ্বর ‘পিতা’ রূপে আহূনের মাধ্যমে, মথি ৬ঃ৯।

বাইবেলের এই পাঠ্যংশগুলো থেকে খুঁজে দেখুন এবং এমন কতকগুলো বিষয় লিখুন যা বিশ্বাসীদের কাছে ঈশ্বর প্রত্যাশা করেন, তারা যেন তাঁর কাছে এই সকল বিষয় যাজ্ঞা করেন :

মথি ৬ঃ৯-১৩

প্রেরিত ৪ঃ২৭-৩০

ইফিষীয় ১ঃ১৫-২০

যাকোব ১ঃ২-৫

যাকোব ৫ঃ১৩-১৬

অন্বেষণ করার জন্য এবং লেখার জন্য দানিয়েল ৬ অধ্যায় পাঠ করুন :

- ৬ঃ১-৪ পদগুলোতে, রাজা দারিয়াবসের অধ্যক্ষেরা কেন দানিয়েলের ওপর ঈর্ষান্বিত হয়েছিল।
- ৫ থেকে ৯ পদে, ক্ষতিপালদের দানিয়েলকে হত্যা করার মন্দ পরিকল্পনা।
- ১০-১১ পদ, তাদের চক্রান্ত জানার পর দানিয়েল কি করেছিলেন।
- ১২-১৫ পদ, মন্দ লোকেরা কিভাবে জোড় করে রাজাকে রাজী করিয়েছিলেন।

- ১৬-২২ পদ, দানিয়েলকে রক্ষা করার জন্য ঈশ্বর কি করেছিলেন।
- ২৩-২৪ পদ, রাজা দারিয়াবস মন্দ লোকদের সঙ্গে কি করেছিলেন।
- ২৫-২৮ পদ, রাজা দারিয়াবস ঈশ্বরকে গৌরবান্বিত করার জন্য কি করেছিলেন।



সিংহদের মধ্যে দানিয়েল

২. আগামী সপ্তাহের কার্যাবলী নিয়ে আপনার সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

উপাসক মন্ডলীর যে সকল সদস্যদের প্রয়োজন আছে তাদের পরিদর্শন করার এবং তাদের সঙ্গে প্রার্থনা করার ব্যবস্থা করুন।

যে সমস্ত স্থানে কোন খ্রীষ্টান নেই বা কম খ্রীষ্টান আছে সেই স্থানগুলোতে যান এবং লোকদের জন্য প্রার্থনা করুন। ঈশ্বরের কাছে তাদের জন্য আশীর্বাদ যাত্রা করুন এবং যারা সুসমাচার গ্রহণের জন্য প্রস্তুত আছেন তাদের দেখাতে বলুন।

নতুন বিশ্বাসীদের ঘরে যান এবং তাদেরকে দেখিয়ে দিন কিভাবে প্রতিদিন পারিবারিকভাবে এবং ব্যক্তিগতভাবে প্রার্থনা করতে হয়।

৩. আগামী আরাধনার জন্য সহকর্মীদের সঙ্গে প্রার্থনা করুন।

বর্তমান প্রয়োজন এবং স্থানীয় প্রথার সঙ্গে মানানসই কার্যকলাপগুলো পছন্দ করুন।

দানিয়েল ৬ অধ্যায় থেকে দানিয়েলের গল্পটি বলুন বা অভিনয় করে দেখান।

ভাগ ১ এ আপনি যা খুঁজে পেয়েছেন, সেই বিষয় প্রশ্ন জিজ্ঞাসা করুন।

শিশুদের কবিতা, নাটক, প্রশ্ন ইত্যাদি যে বিষয়গুলো তারা প্রস্তুত করেছে তা উপস্থাপন করতে দিন।

যীশু মথি ৬ঃ৯-১৩ পদে যে প্রার্থনা শিখিয়েছিলেন তা উপাসক মণ্ডলীকে একসঙ্গে আবৃত্তি করতে দিন।

ভাগ ১ এর মত বাইবেলের পাঠ্যাংশের ব্যাখ্যার মাধ্যমে লোকদের প্রার্থনা করতে শিক্ষা দিন এবং লোকদের তাদের প্রয়োজন অনুযায়ী প্রার্থনা করতে পরিচালিত করুন।

বিশ্বাসীদের প্রতিদিন পারিবারিকভাবে এবং ব্যক্তিগতভাবে প্রার্থনা করতে উৎসাহিত করুন।

মুখস্থ পদঃ ১ থিমলনীকীয় ৫ঃ১৭, “অবিরত প্রার্থনা কর।”

প্রভুর ভোজ সম্পাদন করঃ দানিয়েল ১ অধ্যায় থেকে বলুন, দানিয়েলের তিনজন বন্ধু কিভাবে উত্তম খাদ্য পছন্দ করেছিলেন, সেই সময় ব্যবস্থা অনুসারে যে খাদ্য নিষিদ্ধ ছিল। ব্যাখ্যা করুন যে প্রভুর ভোজের সময় আমরা সবথেকে উত্তম খাদ্য আহা করি।

বিশ্বাসীদের যীশুর জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিয়ে প্রার্থনা করতে বলুন, যিনি জীবন রুটি, যাঁর রক্ত আমাদের সমস্ত পাপ থেকে শুচি করে এবং অন্যান্য যাকিছু তারা ঈশ্বরের কাছ থেকে লাভ করেছেন সেই সকল বিষয়ের জন্য প্রার্থনা করতে দিন।